দৈনিক বাংলা

27

তারিখ 10 NOV 1991

পৃষ্ঠা ... কলাম ...

# সন্ত্রাসের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ চাই ঃ ৪টি দল

চারটি রাজনৈতিক দলের সভায় শিক্ষাঙ্গনসহ সর্বত্র সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান হয়েছে।

সিপিবি, ন্যাপ, সাম্যবাদী দল ও গণ আজাদী লীগ–এই চারটি দল গতকাল সিপিবি অফিসে সভায় মিলিত হয়ে এই আহ্বান জানায়। সভায় উপস্থিত নূরুল ইসলাম নাহিদ, পংকজ ভট্টাচার্য, কামাল হায়দার, মোর্শেদ আলী, নূহ উল আলম লেনিন, দীলিপ বড়ুয়া, আবদুর রউফ, আলহাজ আবদুস সামাদ আজাদ, রুহুল আমিন দ্রব্যমূল্যের উর্ধ্বগতিতে উদ্বেগ প্রকাশ করে মূল্য বৃদ্ধি প্রতিরোধের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।